'শতবর্ষে জাতির পিতা, সুবর্ণে স্বাধীনতা
অভিবাসনে আনবো মর্যাদা ও নৈতিকতা'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
কর্মসংস্থান -০২ শাখা
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.০৪৪.১৮.১৪৭.২১-১৪৮(১) তারিখঃ ২৮/০৩/২০২২ খ্রিঃ

**বিষয়ঃ** প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ২০২১-২০২২ এর আওতায় সেবা সহজীকরণ সংক্রান্ত কার্যক্রম প্রতিবেদন।

বিদেশ যাওয়ার সময় সাধারণ জনগণ যেন দালাল শ্রেণীর মাধ্যমে প্রতারিত না হয়, সেজন্য মাননীয় প্রধানমন্ত্রী জনগণের মধ্যে ব্যাপক প্রচারণা নির্দেশনা দিয়েছেন। এ নির্দেশনা বাস্তবায়নের জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় বিভিন্ন দেশভিত্তিক অভিবাসন ব্যয় নির্ধারণ করে তা অফিস আদেশ, লিফলেট বিতরণ, জেলা ও উপজেলা পর্যায়ে সেমিনার আয়োজন মাধ্যমে জনগণকে অবহিত করছে।

২। কিন্তু এ ধরনের প্রচারণা কৌশলের মাধ্যমে সকল শ্রেণীর মানুষের কাছে পৌছানো সম্ভব না হওয়ায় সেবা সহজীকরণের জন্য অনলাইনে দেশভিত্তিক অভিবাসন ব্যয় সম্পর্কিত ভিডিও কনটেন্ট তৈরীর প্রস্তাবনা ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ২০২১-২০২২-এ অন্তর্ভুক্ত করা হয়। এ কার্যক্রমের সুবিধাসমূহ হচ্ছে:-

(ক) বিদেশে কর্মসংস্থানে আগ্রহী ব্যক্তি বিদেশ যাওয়ার জন্য প্রয়োজনীয় পূর্বপ্রস্তুতি নেয়ায় অভিবাসন ব্যয় হ্রাস পাবে।
(খ) প্রবাসী কল্যাণ ব্যাংকের মাধ্যমে ঋণ নিয়ে বিদেশ গেলে অভিবাসী কর্মীকে সর্বস্বান্ত হতে হবে না।
(গ) ইউরোপের দেশসমূহে (এক্ষেত্রে গ্রীস) যাওয়ার সঠিক পদ্ধতি ও অগ্রাধিকারপ্রাপ্ত পেশা সম্পর্কে ধারণা পাওয়ায় মানবপাচারের ঝুঁকি হ্রাস পাবে।
(ঘ) নারী কর্মীরা নিরাপদ ও স্বল্প ব্যয়ে জর্ডান যেতে পারবে।
(ঙ) বৈদেশিক কর্মসংস্থানের সময় অভিবাসী কর্মীরা জীবন বীমার সেবা নিয়ে নিরাপদ থাকবেন।

৩। এ কার্যক্রমের আওতায় অভিবাসনের পূর্বপ্রস্তুতি, অভিবাসন ব্যয় ইত্যাদি সম্পর্কে প্রয়োজনীয় তথ্য সহজে জনগণের কাছে পৌছানোর জন্য অডিও ভিডিও এবং গ্রাফিক্স ডিজাইন ব্যবহার করে স্বল্প স্থিতির নিম্নলিখিত ৫টি কনটেন্ট চূড়ান্ত করা হয়:

(ক) চাকুরী নিয়ে বিদেশ যাওয়ার পূর্বপ্রস্তুতি।
(খ) অভিবাসন ঋণ প্রবাস যাত্রায় প্রবাসী কল্যাণ ব্যাংকের সহায়তা।
(গ) গ্রীসে বাংলাদেশী কর্মীদের জন্য কর্মসংস্থান।
(ঘ) নিরাপদ অভিবাসন স্বল্প ব্যয়ে বৈদেশিক কর্মসংস্থান (গন্তব্য দেশ: জর্ডান)।
(ঙ) প্রবাসী কর্মীর জীবন বীমা।

৪। (ক) ভিডিও কনটেন্ট-১: চাকুরী নিয়ে বিদেশ যাওয়ার পূর্বপ্রস্তুতি (স্থিতি- ৪ মিনিট ২৬ সেকেন্ড)




(খ) ভিডিও কনটেন্ট-২: অভিবাসন ঋণ প্রবাস যাত্রায় প্রবাসী কল্যাণ ব্যাংকের সহায়তা। (স্থিতি- ২ মিনিট ০৭ সেকেন্ড)




(গ) ভিডিও কনটেন্ট-৩: গ্রীসে বাংলাদেশী কর্মীদের জন্য কর্মসংস্থান। (স্থিতি- ২ মিনিট ৫১ সেকেন্ড)




(ঘ) ভিডিও কনটেন্ট-৪: নিরাপদ অভিবাসন স্বল্প ব্যয়ে বৈদেশিক কর্মসংস্থান (গন্তব্য দেশ: জর্ডান)। (স্থিতি- ২ মিনিট ০৯ সেকেন্ড)



(ঙ) ভিডিও কনটেন্ট-৪: প্রবাসী কর্মীর জীবন বীমা। (স্থিতি- ৩ মিনিট ৩৮ সেকেন্ড)




৫। ০৫টি ভিডিও কনটেন্ট এর লিংক:

**পদ্ধতি-০১:**

ভিডিও কনটেন্ট দেখার জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ওয়েবসাইটে https://probashi.gov.bd/ যেতে হবে:

- ওয়েবসাইটে যাওয়ার পর **মিডিয়া সেন্টারে ক্লিক** করতে হবে।
- মিডিয়া সেন্টারের **ভিডিও গ্যালারী** ক্লিক করতে হবে।

**পদ্ধতি-০২:**

ইউটিউব নিম্নলিখিত লিংক ব্যবহার করে ভিডিও কনটেন্ট দেখা যাবে:

(ক) চাকুরী নিয়ে বিদেশ যাওয়ার পূর্বপ্রস্তুতি।

https://youtu.be/Nz6sLOQ-2gc

(খ) অভিবাসন ঋণ প্রবাস যাত্রায় প্রবাসী কল্যাণ ব্যাংকের সহায়তা।

https://youtu.be/FotvQHUHNvE

(গ) গ্রীসে বাংলাদেশী কর্মীদের জন্য কর্মসংস্থান।

https://youtu.be/R45N1xTMSYw


(ঘ) নিরাপদ অভিবাসন স্বল্প ব্যয়ে বৈদেশিক কর্মসংস্থান (গন্তব্য দেশ: জর্ডান)।


https://youtu.be/g0_o7IxG6Y0

(ঙ) প্রবাসী কর্মীর জীবন বীমা।

https://youtu.be/cRkLukjW9LM

৬। সেবা সহজীকরণের তুলনামূলক চিত্র-




৭। ডিজিটাল মাধ্যমে অনলাইনে দেশভিত্তিক অভিবাসন ব্যয় সম্পর্কে বিদেশগামী অভিবাসী কর্মীদের প্রাথমিক পর্যায়ে (সিদ্ধান্ত গ্রহণ পর্যায়) অভিবাসন ব্যয় সম্পর্কে জানাতে পারলে তা অভিবাসী কর্মীদের অভিবাসন ব্যয় হ্রাস করবে, দালালদের প্রতারণার বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হবে এবং প্রবাসী আয়ের মাধ্যমে স্বল্প সময়ের লাভজনক পরিস্থিতিতে আসা সম্ভব হবে। একইসাথে এ কার্যক্রমের মাধ্যমে এসডিজির লক্ষ্যমাত্রা নিরাপদ (safe), নিয়মতান্ত্রিক (orderly), নিয়মিত (regular) ও দায়িত্বশীল (responsible) অভিবাসন নিশ্চিত করা সম্ভব হবে।

**সংযুক্তি:**
১। ০৫টি কনটেন্ট এর স্টোরি বোর্ড বা পান্ডুলিপি।

২৮.০৬.২০২২
(শেখ মুহাম্মদ রেফাত আলী)
উপসচিব
ফোন- ৪১০৩০২৫২
ই-মেইল: dsemployment2@probashi.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। অনুবিভাগ প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
২। যুগ্মসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩। উপসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৪। সিনিয়ির সহকারী সচিব/সহকারী সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

অনুলিপি:
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সিস্টেম এনালিস্ট, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
৪। অফিস কপি।

**নিরাপদ অভিবাসন**
**সেবা সহজীকরণ: গ্রাফিকস এনিমেশন**
**চাকুরি নিয়ে বিদেশ যাওয়ার পূর্বপ্রস্তুতি**

| ছবি/ গ্রাফিকস এনিমেশন | শব্দ |
|---|---|
| **চাকুরি নিয়ে বিদেশ যাওয়ার পূর্বপ্রস্তুতি** | ব্যাকগ্রাউন্ড মিউজিক |
| ছয় ধরনের পূর্বপ্রস্তুতির ছবি | আপনি যদি প্রবাসী কর্মী হিসেবে বিদেশ যেতে চান, তবে বেশ কিছু পূর্বপ্রস্তুতি নেয়া প্রয়োজন। যেমন-<br>❖ মানসিক ও আর্থিক প্রস্তুতি<br>❖ প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ করা<br>❖ যে দেশে যাবেন সে দেশ সম্পর্কে তথ্য<br>❖ সরকার অনুমোদিত রিক্রুটিং এজেন্সি এবং নিয়োগপ্রদানকারী প্রতিষ্ঠান সম্পর্কে তথ্য সংগ্রহ ও যাচাই-বাছাই<br>❖ ব্যক্তিগত সম্মতি<br>❖ অনিয়মিত অভিবাসন সম্পর্কে সতর্কতা |
| মানসিক ও আর্থিক প্রস্তুতি<br><br>❖ পরিবারের সদস্যদের সাথে আলোচনা এবং মানসিক প্রস্তুতি<br>❖ রিক্রুটিং এজেন্সির সাথে যোগাযোগ করে তথ্য সংগ্রহ<br>❖ আয় এবং ব্যয় বিশ্লেষণ<br>❖ নিজ দেশে কর্মসংস্থানের সম্ভাবনা বিবেচনা<br>❖ জেলা কর্মসংস্থান অফিসে গিয়ে ডাটাবেজে নাম রেজিস্ট্রি<br>❖ অভিবাসন ব্যয়ের অর্থ পেতে অভিবাসন ঋণ<br>❖ দেশে রেখে যাওয়া পরিবারের জীবিকার ব্যবস্থা<br>❖ শিশুর শিক্ষা ও স্বাস্থ্যসেবা নিশ্চিত করা<br>❖ দেশে পাঠানো রেমিটেন্সের যথাযথ ব্যবহারের পরামর্শ | মানসিক ও আর্থিক প্রস্তুতি<br>❖ পরিবারের সদস্যদের সাথে আলোচনা করুন এবং প্রথমেই মানসিক প্রস্তুতি নিন<br>❖ সরকার অনুমোদিত রিক্রুটিং এজেন্সির সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করুন<br>❖ আয় এবং ব্যয় বিশ্লেষণ করুন<br>❖ নিজ দেশে কর্মসংস্থানের সম্ভাবনা কতটুকু তাও ভাবুন<br>❖ আপনার জেলায় অবস্থিত জেলা কর্মসংস্থান অফিসে গিয়ে ডাটাবেজে নাম রেজিস্ট্রি করুন<br>❖ অভিবাসন ব্যয়ের অর্থ পেতে সরকার অনুমোদিত খাত (প্রবাসী কল্যাণ ব্যাংক ও অন্যান্য ব্যাংক, সমবায় সমিতি) এর সাহায্য নিন<br>❖ দেশে রেখে যাওয়া পরিবারের জীবিকার ব্যবস্থা করুন<br>❖ শিশুরশিক্ষা ও স্বাস্থ্যসেবা নিশ্চিত করুন<br>❖ দেশে পাঠানো অর্থ বা রেমিটেন্সের যথাযথ ব্যবহারের জন্য পরিবারের সদস্যদের এবং আত্মীয়-স্বজন ও বন্ধুদের সাথে পরামর্শ করুন |
| মানসিক ও আর্থিক প্রস্তুতি<br><br>প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ<br><br>❖ শিক্ষাগত যোগ্যতা সনদ, অভিজ্ঞতা সনদ, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ সনদ, নাগরিকত্ব সনদ বা NID ইত্যাদি সংগ্রহ | প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ<br>❖ শিক্ষাগত যোগ্যতা সনদ, অভিজ্ঞতা সনদ, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ সনদ, নাগরিকত্ব সনদ বা NID ইত্যাদি সংগ্রহ করুন<br>❖ সময়মতো পাসপোর্ট সংগ্রহ করুন, এটি বিদেশে কাজ করতে যাওয়ার জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ দলিল |

| | |
|---|---|
| ❖ সময়মতো পাসপোর্ট সংগ্রহ<br>❖ যে দেশে কাজ করতে চান সে দেশ সম্পর্কে তথ্য সংগ্রহ<br>❖ **bmet.gov.bd** - এ ওয়েবসাইট থেকে আপনি প্রয়োজনীয় তথ্য পেতে পারেন। | ❖ যে দেশে কাজ করতে চান সে দেশ সম্পর্কে তথ্য সংগ্রহ করুন<br>❖ **bmet.gov.bd** - এ ওয়েবসাইট থেকে আপনি প্রয়োজনীয় তথ্য পেতে পারেন। |
| **যে দেশে যাবেন সে দেশ সম্পর্কে তথ্য**<br>সরকার অনুমোদিত না এমন দেশে গেলে-<br>❖ বিপর্যয়ের সম্মুখীন হবেন<br>❖ জীবনের নিরাপত্তা থাকবে না<br>❖ জরিমানা ও জেল হতে পারে<br>❖ নিজ দেশে ফেরত পাঠানো হতে পারে<br>❖ দুর্ঘটনার সম্মুখীন হলে বা মৃত্যুবরণ করলে সহায়তা পাবেন না | বিদেশে কাজ করতে যাওয়ার জন্য সরকার অনুমোদিত দেশগুলো সম্পর্কে তথ্য সংগ্রহ করুন। সরকার অনুমোদিত না এমন দেশে গেলে-<br>❖ বিপর্যয়ের সম্মুখীন হবেন<br>❖ জীবনের নিরাপত্তা থাকবে না<br>❖ জরিমানা ও জেল হতে পারে<br>❖ নিজ দেশে ফেরত পাঠানো হতে পারে<br>❖ দুর্ঘটনার সম্মুখীন হলে বা মৃত্যুবরণ করলে সহায়তা পাবেন না |
| **যে দেশে যাবেন সে দেশ সম্পর্কে তথ্য**<br>গন্তব্য দেশের শ্রম আইন সম্পর্কে তথ্য সংগ্রহ<br>- দৈনিক কর্মঘন্টা ও সর্বনিম্ন মজুরি<br>- ওভারটাইম<br>- ছুটির সুবিধা<br>- চাকুরীর চুক্তি<br>- অসুস্থতাজনিত ভাতা<br>- চাকুরীর নিশ্চয়তা<br>- ক্ষতিপূরণ ও বীমার সুযোগ আছে ইত্যাদি | গন্তব্য দেশের শ্রম আইন সম্পর্কে তথ্য সংগ্রহ করুন। এর মাধ্যমে জানা যায়-<br>- কত ঘন্টা কাজ করতে হবে ও সর্বনিম্ন মজুরি কত<br>- ওভারটাইম আছে কি না<br>- ছুটির সুবিধা কীরকম<br>- চাকুরীর চুক্তি কেমন হতে পারে<br>- অসুস্থতাজনিত ভাতা আছে কি না<br>- চাকুরীর নিশ্চয়তা আছে কি না<br>- ক্ষতিপূরণ ও বীমার সুযোগ আছে কিনা ইত্যাদি |
| **যে দেশে যাবেন সে দেশ সম্পর্কে তথ্য**<br>গন্তব্য দেশের শ্রম আইন সম্পর্কে তথ্য সংগ্রহের উপায়<br>- প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br>- জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)<br>- জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও), | তথ্য পাওয়ার জন্য-<br>প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি), জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও), বাংলাদেশ ওভারসীজ এমপ্লয়মেন্ট এন্ড সার্ভিসেস লিঃ (বোয়েসেল), বাংলাদেশ এসোসিয়েশন অফ রিক্রুটিং এজেন্সিস (বায়রা), আন্তর্জাতিক সংস্থা (যেমন আইওএম) এবং এনজিও যারা অভিবাসন নিয়ে কাজ করে |

| | |
|---|---|
| - বাংলাদেশ ওভারসীজ এমপ্লয়মেন্ট এন্ড সার্ভিসেস লিঃ (বোয়েসেল),<br>- বাংলাদেশ এসোসিয়েশন অফ রিক্রুটিং এজেন্সিস (বায়রা),<br>- আন্তর্জাতিক সংস্থা (যেমন আইওএম) এবং এনজিও যারা অভিবাসন নিয়ে কাজ করে<br>- ইন্টারনেট, বন্ধু-বান্ধব, পত্রিকা, ম্যাগাজিন | ইন্টারনেট, বন্ধু-বান্ধব, পত্রিকা, ম্যাগাজিন এসব উৎস থেকে আপনি তথ্য পেতে পারেন। |
| রিক্রুটিং এজেন্সি সম্পর্কে তথ্য সংগ্রহ ও যাচাই-বাছাই<br>❖ বিদেশে কাজ করার জন্য অবশ্যই বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত রিক্রুটিং এজেন্সি বাছাই করবেন;<br>❖ জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)'র ওয়েবসাইটে এ সংক্রান্ত তালিকা রয়েছে। | রিক্রুটিং এজেন্সি সম্পর্কে তথ্য সংগ্রহ ও যাচাই-বাছাই<br>❖ বিদেশে কাজ করার জন্য অবশ্যই বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত রিক্রুটিং এজেন্সি বাছাই করবেন;<br>❖ জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)'র ওয়েবসাইটে এ সংক্রান্ত তালিকা রয়েছে। |
| ব্যক্তিগত সম্মতি<br>সব তথ্য পাওয়ার পর বিচার-বিশ্লেষণ করে বিদেশে কাজ করতে যাওয়ার সিদ্ধান্ত নিন। | ৫. ব্যক্তিগত সম্মতি<br>সব তথ্য পাওয়ার পর বিচার-বিশ্লেষণ করে বিদেশে কাজ করতে যাওয়ার সিদ্ধান্ত নিন। |
| অনিয়মিত অভিবাসন সংক্রান্ত সতর্কতা<br>❖ নিয়ম না মেনে, অবৈধ পথে, সঠিক কাগজপত্র ছাড়া যাওয়া = অনিয়মিত অভিবাসন।<br>❖ অনিয়মিত অভিবাসন অত্যন্ত ঝুঁকিপূর্ণ।<br>❖ অবৈধ উপায়ে বিদেশে যাবার চেষ্টা করলে মানব পাচার বা মানব চোরাচালানের শিকার হতে পারেন।<br>❖ যাত্রাপথে মারা যাওয়ার সম্ভাবনাও আছে। | ৬. অনিয়মিত অভিবাসন সংক্রান্ত সতর্কতা<br>❖ বিদেশে যাবার যেসব নিয়মকানুন আছে তা না মেনে, অবৈধ পথে অর্থাৎ সঠিক কাগজপত্র ছাড়া সরকার অনুমোদিত পন্থায় বিদেশে না যাওয়াকে অনিয়মিত অভিবাসন বলে। এভাবে বিদেশ যাওয়া অত্যন্ত ঝুঁকিপূর্ণ।<br>❖ অবৈধ উপায়ে বিদেশে যাবার চেষ্টা করলে আপনি মানব পাচার বা মানব চোরাচালানের শিকার হতে পারেন। এমনকি যাত্রাপথে মারা যাওয়ার সম্ভাবনাও আছে। |
| জেনে শুনে বুঝে তবেই বিদেশে যান<br>নিরাপদ হোক আপনার বৈদেশিক কর্মসংস্থান।<br>প্রচারে: প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | জেনে শুনে বুঝে তবেই বিদেশে যান<br>নিরাপদ হোক আপনার বৈদেশিককর্মসংস্থান।<br>প্রচারে: প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় |

শেখ মুহম্মদ রেফাত আলী
উপসচিব
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**নিরাপদ অভিবাসন**

**সেবা সহজীকরণ: গ্রাফিকস এনিমেশন**

**প্রবাসী কল্যাণ ব্যাংকের অভিবাসন ঋণ**

| ছবি/ গ্রাফিকস | শব্দ |
|---|---|
| প্রবাসী কল্যাণ ব্যাংকের অভিবাসন ঋণ | মিউজিক |
| মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার পরামর্শ – জমি বিক্রি করে নয়, প্রবাসী কল্যাণ ব্যাংক থেকে ঋণ নিয়ে বিদেশে যান।<br>মাননীয় প্রধানমন্ত্রীর ছবি | মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার পরামর্শ – জমি বিক্রি করে নয়, প্রবাসী কল্যাণ ব্যাংক থেকে ঋণ নিয়ে বিদেশে যান। |
| চারটি পৃথক বৃত্তে সহজ শর্তে, জামানতবিহীন, স্বল্প সময়ে ও স্বল্প সুদে কথাগুলি শব্দের সাথে গ্রাফিকস আকারে আসবে। | বিদেশগামী কর্মীদের অভিবাসন ব্যয় নির্বাহের জন্য সহজ শর্তে, জামানতবিহীন, স্বল্প সময়ে ও মাত্র ৯% সরল সুদে **অভিবাসন ঋণ** প্রদান করা হচ্ছে। |
| **ঋণের সীমা:**<br>(নতুন ভিসার ক্ষেত্রে) সর্বোচ্চ তিন লক্ষ টাকা<br>রি-এন্ট্রি ভিসার ক্ষেত্রে সর্বোচ্চ দুই লক্ষ টাকা। | **ঋণের সীমা:** (নতুন ভিসার ক্ষেত্রে) সর্বোচ্চ তিন লক্ষ টাকা এবং রি-এন্ট্রি ভিসার ক্ষেত্রে সর্বোচ্চ দুই লক্ষ টাকা। |
| **ঋণের মেয়াদ:** নতুন ভিসার ক্ষেত্রে সর্বোচ্চ তিন বছর। রি-এন্ট্রি ভিসার ক্ষেত্রে সর্বোচ্চ দুই বছর।<br>ঋণ নেয়ার পূর্বে সংশ্লিষ্ট ব্যাংক শাখায় হিসাব খুলতে হবে। এ ঋণের কোন সার্ভিস চার্জ নেই। যথাযথ কাগজপত্রসহ আবেদন পাওয়ার পর ৭ কর্মদিবসের মধ্যে ঋণ প্রদান করা হয়।<br>+ প্রবাসী কল্যাণ ব্যাংকের ছবি ও শাখার নাম | **ঋণের মেয়াদ:** নতুন ভিসার ক্ষেত্রে সর্বোচ্চ তিন বছর। রি-এন্ট্রি ভিসার ক্ষেত্রে সর্বোচ্চ দুই বছর।<br>ঋণ নেয়ার পূর্বে সংশ্লিষ্ট ব্যাংক শাখায় হিসাব খুলতে হবে। এ ঋণের কোন সার্ভিস চার্জ নেই। যথাযথ কাগজপত্রসহ আবেদন পাওয়ার পর ৭ কর্মদিবসের মধ্যে ঋণ প্রদান করা হয়। |
| **ঋণ পেতে করণীয়:**<br>ফরমের ছবি<br>ছবির মাধ্যমে উপস্থাপন:<br>আবেদনকারীর ৪ কপি পাসপোর্ট সাইজের ছবিসহ ভোটার আইডি কার্ড,<br>বর্তমান ঠিকানা ও স্থায়ী ঠিকানাসহ পৌরসভা/ ইউনিয়ন পরিষদের সার্টিফিকেট এর ফটোকপি; | **ঋণ পেতে করণীয়:**<br>প্রবাসী কল্যাণ ব্যাংকের যেকোন শাখা থেকে বিনামূল্যে নির্ধারিত ফরম নিন ও আবেদন করুন। আবেদনের সাথে যা জমা দিতে হবে:<br>আবেদনকারীর ৪ কপি পাসপোর্ট সাইজের ছবিসহ ভোটার আইডি কার্ড, বর্তমান ঠিকানা ও স্থায়ী ঠিকানাসহ পৌরসভা/ ইউনিয়ন পরিষদের সার্টিফিকেট এর ফটোকপি; |
| **ঋণ পেতে করণীয়:**<br>পাসপোর্ট, ভিসার কপি, বিএমইটি স্মার্ট কার্ডের ছবি ইত্যাদি | আবেদনকারীর পাসপোর্ট, ভিসার কপি, বিএমইটি স্মার্ট কার্ডের ফটোকপি, লেবার কন্ট্রাক্ট পেপার (যদি থাকে বাধ্যতামুলক নয়); |

| | |
|---|---|
| **ঋণ পেতে করণীয়:**<br>দুইজন জামিনদারের ১ কপি করে পাসপোর্ট সাইজের ছবিসহ ভোটার আইডি কার্ড এর ছবি<br>পৌরসভা/ ইউনিয়ন পরিষদের সার্টিফিকেট এর ছবি<br>ব্যাংকের চেকের পাতার ছবি | দুইজন জামিনদারের ১ কপি করে পাসপোর্ট সাইজের ছবিসহ ভোটার আইডি কার্ড, বর্তমান ঠিকানা ও স্থায়ী ঠিকানাসহ পৌরসভা/ ইউনিয়ন পরিষদের সার্টিফিকেট এর ফটোকপি এবং যে কোন ১ জনের স্বাক্ষরকৃত ব্যাংকের ৩ টি চেকের পাতা। |
| ঋণ পরিশোধসূচি: দুই মাস গ্রেস পিরিয়ড বাদ দিয়ে মাসিক কিস্তিতে।<br>+ ছবি | ঋণ পরিশোধসূচি: দুই মাস গ্রেস পিরিয়ড বাদ দিয়ে মাসিক কিস্তিতে। |
| প্রচারে: প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | প্রচারে: প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় |

শেখ মুহাম্মদ রেফাত আলী
উপসচিব
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**নিরাপদ অভিবাসন**

**সেবা সহজীকরণ: গ্রাফিকস এনিমেশন**

**প্রবাসী কর্মীর জীবন বীমা**

| ছবি | শব্দ |
|---|---|
| প্রবাসী কর্মীর জীবন বীমা | ব্যাকগ্রাউন্ড মিউজিক |
| বাধ্যতামূলক বীমা ব্যবস্থা- গ্রাফিকস প্রেজেন্টেশন | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় অভিবাসী কর্মী ও তাঁদের পরিবারের চাহিদা পূরণ, কল্যাণ নিশ্চিত করতে বদ্ধপরিকর। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় প্রত্যেক প্রবাসী কর্মীর জীবনের নিরাপত্তার নিশ্চিত করতে চায়। এমন ব্যবস্থা নিতে চায় যাতে অকাল মৃত্যু হলেও প্রবাসী কর্মীর পরিবারের সদস্যরা আবার সাহসে বুক বেঁধে ঘুরে দাঁড়াতে পারে। আর এজন্যই **২০১৯ সালের ২৫ নভেম্বর** থেকে চালু করা হয়েছে বিদেশগামী কর্মীদের জন্য **বাধ্যতামূলক বীমা ব্যবস্থা।** এর মাধ্যমে নামমাত্র প্রিমিয়াম দিয়ে বিদেমগামী কর্মীরা জীবন বীমা সহায়তা পেতে পারেন। |
| সকল বিদেশগামী কর্মীর জন্য বীমা বাধ্যতামূলক:<br><br>ক) বীমার পরিমাণ : চার লক্ষ টাকা<br><br>খ) বীমার মেয়াদ : দুই বছর। | সকল বিদেশগামী কর্মীর জন্য বীমা বাধ্যতামূলক:<br><br>ক) বীমা: চার লক্ষ টাকা।<br><br>খ) বীমার মেয়াদ : দুই বছর।<br><br>বিদেশগামী বাংলাদেশী কর্মী বিদেশ গমণের উদ্দেশ্যে বর্হিগমন ছাড়পত্র গ্রহণের তারিখ হতে বীমার মেয়াদ ২ (দুই) বছর পূর্তি পর্যন্ত জীবন বীমা কর্পোরেশন বীমার দাবী পরিশোধ করবে। |
| গ) বীমাপত্র নবায়ন<br><br>প্রিমিয়ামের উপর ২% ছাড় | বীমার মেয়াদ ২ (দুই) বছর উত্তীর্ণ হওয়ার পূর্বে বিদেশে অবস্থানরত প্রবাসী কর্মী স্ব-উদ্যোগে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মাধ্যমে পরবর্তী ২ বছর অন্তর অন্তর বীমাপত্রটি নবায়ন করতে পারবে। এক্ষেত্রে বীমার মেয়াদ উত্তীর্ণ হওয়ার-পূর্বে নবায়ন করা হলে বীমা গ্রাহককে প্রিমিয়ামের উপর ২% ছাড় প্রদান করা হবে। বীমার মেয়াদ উত্তীর্ণ হওয়ার ৩০ (ত্রিশ) দিন পর বীমাপত্রটি নবায়ন করা হলে বীমাগ্রাহককে অবিরাম ভাল স্বাস্থ্যের ঘোষণা প্রদান করতে হবে। |
| ঘ) বয়স সীমা : ১৮ থেকে ৫৮ বছর<br><br>ঙ) প্রদেয় প্রিমিয়াম: ৪৯০.০০ টাকা এককালীন। | ঘ) বয়স সীমা : ১৮ থেকে ৫৮ বছর<br><br>ঙ) প্রদেয় প্রিমিয়াম: ৪৯০.০০ টাকা এককালীন। |

| | |
|---|---|
| চ) প্রবাসী কর্মী বীমার সুবিধাসমূহ: চিত্র-ক<br><br>চিত্র-খ<br><br>চিত্র-গ | চ) চুক্তির মেয়াদের মধ্যে বীমাকৃত ব্যক্তির মৃত্যু হলে সম্পূর্ণ বীমা অংক প্রদেয়।<br><br>সম্পূর্ণ স্থায়ী পঙ্গুত্ব (অক্ষমতা) হলে সম্পূর্ণ বীমা অংক প্রদেয় এবং<br><br>আংশিক স্থায়ী পঙ্গুত্ব (অক্ষমতা) হলে বীমার অংকের একটি নির্দিষ্ট অংক শতকরা হার অনুযায়ী প্রদেয়। |
| যে সকল ক্ষেত্রে বীমা সুবিধা প্রাপ্য/ প্রযোজ্য হবে না:<br><br> | যে সকল ক্ষেত্রে বীমা সুবিধা প্রাপ্য/ প্রযোজ্য হবে না |
| দাবী পরিশোধ প্রক্রিয়া:<br><br>• WEWB বীমা দাবীর স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রাদি পরীক্ষা-নিরীক্ষা পূর্বক JBC কে সুপারিশ প্রেরণ করবে।<br><br>• সুপারিশের প্রেক্ষিতে চুক্তি অনুসরণ পূর্বক JBC দাবীর আর্থিক সুবিধা বাংলাদেশি টাকায় WEWB কে অনতিবিলম্বে পরিশোধ করবে। | দাবী পরিশোধ প্রক্রিয়া:<br><br>এ চুক্তিপত্র কার্যকর থাকাকালীন বিদেশগামী বাংলাদেশি কর্মী (বীমা গ্রাহক) বর্হিগমন ছাড়পত্র প্রদানের তারিখ হতে ২ (দুই) বছরের মধ্যে বিদেশ/বাংলাদেশে মৃত্যু বরণ/ সম্পূর্ণ স্থায়ী অক্ষমতা (পঙ্গুত্ব) /আংশিক স্থায়ী অক্ষমতা (পঙ্গুত্ব) বরণ করেন, সেক্ষেত্রে WEWB বীমা দাবীর স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রাদী পরীক্ষা-নিরীক্ষা পূর্বক সুপারিশ JBC কে প্রেরণ করবে।<br><br>সুপারিশের প্রেক্ষিতে চুক্তি অনুসরণ করে JBC দাবীর আর্থিক সুবিধা বাংলাদেশি টাকায় WEWB কে অনতিবিলম্বে পরিশোধ করবে। |

৪। প্রবাসী কর্মী বীমার সুবিধাসমূহঃ

চিত্র-ক

ক) মৃত্যু (Death)



| ক্ষতির বিবরণ | প্রদেয় আর্থিক সুবিধা |
|---|---|
| স্বাভাবিক মৃত্যুর ক্ষেত্রে | চার লক্ষ টাকা |
| দূর্ঘটনাজনিত কারণে মেয়াদকালে<br>অথবা বীমার মেয়াদ উত্তীর্ণের পর ৯০ দিনের মধ্যে মৃত্যুবরণ করলে | চার লক্ষ টাকা |

চিত্র-খ

খ) সম্পূর্ণ এবং স্থায়ী অক্ষমতা/পঙ্গুত্ব (Total and permanent Disability (TPD))


| ক্ষতির বিবরণ | প্রদেয় আর্থিক সুবিধা |
|---|---|
| উভয় চক্ষুর দৃষ্টিশক্তি নষ্ট হলে। | বীমা অংকের ১০০% |
| কজির উপর হতে উভয় হাত কাটা/খোয়া গেলে (Loss)। | বীমা অংকের ১০০% |
| গোড়ালির উপর থেকে উভয় পা সম্পূর্ণ কাটা/খোয়া (Loss)। | বীমা অংকের ১০০% |
| কজির উপর হতে এক হাত এবং গোড়ালির উপর থেকে এক পা কাটা/খোয়া গেলে। | বীমা অংকের ১০০% |
| এক চক্ষু এবং কজির উপর থেকে এক হাত নষ্ট/কাটা/খোয়া গেলে (Loss)। | বীমা অংকের ১০০% |
| এক চক্ষু এবং গোড়ালীর উপর থেকে এক পা নষ্ট/কাটা/খোয়া গেলে (Loss)। | বীমা অংকের ১০০% |

চিত্র-গ

গ) আংশিক স্থায়ী অক্ষমতা/পঙ্গুত্ব

| ক্ষতির বিবরণ | প্রদেয় আর্থিক সুবিধা |
|---|---|
| এক চোখের দৃষ্টিশক্তি হারিয়ে গেলে। | বীমা অংকের ৫০% |
| কজির উপর হতে এক হাত কাটা বা খোয়া গেলে। | বীমা অংকের ৫০% |
| গোড়ালির উপর থেকে এক পা সম্পূর্ণ কাটা বা খোয়া | বীমা অংকের ৫০% |
| উরুসন্ধি হতে (Lower limb) হাটুর নিচ পর্যন্ত (Below knee) সম্পূর্ণ কাটা বা খোয়া গেলে। | বীমা অংকের ২৫% |
| এক পা কাটা বা খোয়া গেলে। | বীমা অংকের ২৫% |
| নিচের চোয়াল সরে গেলে। | বীমা অংকের ২৫% |
| বৃদ্ধাঙ্গুলিসহ হাতের চার আঙ্গুল সম্পূর্ণরূপে কাটা গেলে। | বীমা অংকের ২৫% |
| হাতের বৃদ্ধাঙ্গুলি সম্পূর্ণরূপে কাটা বা খোয়া গেলে। | বীমা অংকের ১৫% |
| পায়ের সকল আঙ্গুল কাটা বা খোয়া গেলে। | বীমা অংকের ১৫% |
| তর্জণী আঙ্গুল সম্পূর্ণরূপে কাটা বা খোয়া গেলে। | বীমা অংকের ১৫% |
| মাঝের আঙ্গুল সম্পূর্ণরূপে কাটা বা খোয়া গেলে। | বীমা অংকের ১৫% |
| অনামিকা আঙ্গুল সম্পূর্ণরূপে কাটা বা খোয়া গেলে। | বীমা অংকের ১৫% |
| ছোট আঙ্গুল সম্পূর্ণরূপে কাটা বা খোয়া গেলে। | বীমা অংকের ১০% |
| পায়ের বড় আঙ্গুল ছাড়া যেকোন একটি কাটা বা খোয়া গেলে। | বীমা অংকের ১০% |
| পায়ের বড় আঙ্গুলসহ চার আঙ্গুল সম্পূর্ণরূপে একটি কাটা বা খোয়া গেলে। | বীমা অংকের ১০% |
| পায়ের বড় আঙ্গুল সম্পূর্ণরূপে কাটা বা খোয়া গেলে। | বীমা অংকের ১০% |

চিত্র-ঘ




৫। যে সকল ক্ষেত্রে বীমা সুবিধা প্রাপ্য/ প্রযোজ্য হবে না (Exclusions)

| | |
|---|---|
| ১ | বীমার ঝুঁকি গ্রহণের ১২ মাসের মধ্যে আত্মহত্যা অথবা স্বীয় ক্ষতি (Self-harm) |
| ২ | AIDS/HIV এইডস বা এইচআইভি সম্পর্কিত রোগে সরাসরি মৃত্যু অথবা অসুস্থতা |
| ৩ | উচ্চ ঝুঁকি সম্পন্ন খেলা অথবা দুঃসাহসিক কার্যকলাপের কারণে মৃত্যু<br>যেমন-মটর রেসিং, মুষ্টিযুদ্ধ, স্কুবা ডাইভিং, hand gliding, parachuting, horse racing, mountaineering ইত্যাদি কারণে মৃত্যুবরণ |
| ৪ | Pre-existing condition prior to commencement of membership |
| ৫ | মদ অথবা মাদকাসক্তির কারণে মৃত্যু, যুদ্ধ বা দাঙ্গা বা সন্ত্রাসী কার্যকলাপের কারণে মৃত্যু Civil commotion/Acts of terror এর কারণে মৃত্যু |
| ৬ | গুরুতর অপরাধে আদালতের রায়ে মৃত্যুদন্ডপ্রাপ্ত |

শেখ মুহাম্মদ রেফাত আলী
উপসচিব
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**নিরাপদ অভিবাসন**
**সেবা সহজীকরণ: গ্রাফিকস এনিমেশন**
**গ্রীসে বাংলাদেশি কর্মীদের জন্য কর্মসংস্থান**

| ছবি/ গ্রাফিকস | শব্দ |
|---|---|
| গ্রীসে বাংলাদেশী কর্মীদের জন্য কর্মসংস্থান | মিউজিক |
| সমঝোতা স্মারক স্বাক্ষরের ছবি | ৯ ফেব্রুয়ারি গ্রীসের মাননীয় মাইগ্রেশন এন্ড এসাইলাম মিনিস্টার প্যানাগিওটিস মিতারাচি বাংলাদেশের প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ইমরান আহমদ এমপি-র মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। এর মধ্য দিয়ে গ্রীসে বাংলাদেশি কর্মীদের জন্য বৈধ ভাবে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হলো। |
| উপকারভোগী + গ্রীস ও বাংলাদেশের মানচিত্র<br>গ্রীসে অবস্থানরত বাংলাদেশি প্রবাসী<br>গ্রীসে কাজ করতে আগ্রহী বাংলাদেশি | এর মাধ্যমে গ্রীসে অবস্থানরত বাংলাদেশি প্রবাসীরা যেমন, তেমনই গ্রীসে কাজ করতে আগ্রহী বাংলাদেশিরাও উপকৃত হবেন। |
| ▪ গ্রীসে অবস্থানরত ১৫,০০০ প্রবাসী বাংলাদেশি, যাদের বৈধতা নেই, তাদের বৈধ করা হবে।<br>▪ ৫ বছর মেয়াদী টেমপোরারি ওয়ার্ক পারমিট দেয়া হবে।<br>▪ আবেদনের জন্য ৬ মাস (১৮০ দিন) সময় দেয়া হবে।<br>▪ আবেদনের সময় বৈধ ট্রাভেল ডকুমেন্ট, বৈধ ওয়ার্ক কনট্রাক্ট বা এমপ্লয়ারস সার্টিফিকেট জমা দিতে হবে এবং নির্ধারিত ফি ও ব্যয় বহন করতে হবে। | এর মাধ্যমে-<br>গ্রীসে অবস্থানরত ১৫,০০০ প্রবাসী বাংলাদেশি, যাদের বৈধতা নেই, তাদের বৈধ করা হবে।<br>তাদের ৫ বছর মেয়াদী টেমপোরারি ওয়ার্ক পারমিট দেয়া হবে।<br>আবেদনের জন্য ৬ মাস (১৮০ দিন) সময় দেয়া হবে।<br>আবেদনের সময় বৈধ ট্রাভেল ডকুমেন্ট, বৈধ ওয়ার্ক কনট্রাক্ট বা এমপ্লয়ারস সার্টিফিকেট জমা দিতে হবে এবং নির্ধারিত ফি ও ব্যয় বহন করতে হবে। |
| ▪ প্রতি বছর ৪,০০০ বাংলাদেশি কর্মী গ্রীসে টেমপোরারি ওয়ার্কার হিসেবে কর্মসংস্থানের সুযোগ পাবে।<br>▪ তাদের ৫ বছর মেয়াদী টেমপোরারি ওয়ার্ক পারমিট দেয়া হবে।<br>▪ এ চুক্তির আওতায় কৃষি সেক্টরে সিজনাল ওয়ার্কার | বাংলাদেশে অবস্থানরত গ্রীসে যেতে আগ্রহী বাংলাদেশিদের জন্যও খুলবে অনন্য সম্ভাবনার দ্বার।<br>প্রতি বছর ৪,০০০ বাংলাদেশি কর্মী গ্রীসে টেমপোরারি ওয়ার্কার হিসেবে কর্মসংস্থানের সুযোগ পাবে।<br>তাদের ৫ বছর মেয়াদী টেমপোরারি ওয়ার্ক পারমিট দেয়া হবে। |

| | |
|---|---|
| নেয়া হবে। পরবর্তীতে উভয় দেশ আলোচনাক্রমে চাহিদার ভিত্তিতে সেক্টরের সংখ্যা বৃদ্ধি করবে।<br>▪ ৫ বছর মেয়াদ শেষে বাংলাদেশে ফেরত আসতে হবে। তবে তারা আবার গ্রীসে রি-এন্ট্রি করতে পারবে।<br>▪ আবেদনের সময় বৈধ ট্রাভেল ডকুমেন্ট, বৈধ ওয়ার্ক কনট্রাক্ট, অসুস্থতাজনিত ইন্স্যুরেন্স এর প্রমাণপত্র জমা দিতে হবে এবং নির্ধারিত ফি ও ব্যয় বহন করতে হবে। | এ চুক্তির আওতায় কৃষি সেক্টরে সিজনাল ওয়ার্কার নেয়া হবে। পরবর্তীতে উভয় দেশ আলোচনাক্রমে চাহিদার ভিত্তিতে সেক্টরের সংখ্যা বৃদ্ধি করবে।<br>৫ বছর মেয়াদ শেষে বাংলাদেশে ফেরত আসতে হবে। তবে তারা আবার গ্রীসে রি-এন্ট্রি করতে পারবে।<br>আবেদনের সময় বৈধ ট্রাভেল ডকুমেন্ট, বৈধ ওয়ার্ক কনট্রাক্ট, অসুস্থতাজনিত ইন্স্যুরেন্স এর প্রমাণপত্র জমা দিতে হবে এবং নির্ধারিত ফি ও ব্যয় বহন করতে হবে। |
| মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণাযুক্ত পেপারকাটিং।<br>▪ সময়মতো বিএমইটি ও সারা দেশে অবস্থিত ৪২টি জেলা কর্মসংস্থান অফিস থেকে বিদেশ যেতে আগ্রহীদের জন্য সর্বশেষ তথ্য পাওয়া যাবে।<br>▪ গ্রীসে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের শ্রম উইংয়ের মাধ্যমে প্রবাসীদের জন্য সর্বশেষ তথ্য পাওয়া যাবে। এছাড়াও গ্রীসের নির্ধারিত ওয়েবসাইটের মাধ্যমে সর্বশেষ তথ্য পাওয়া যাবে।<br>▪ অবৈধ পথে যাওয়া থেকে বিরত থাকুন।<br>▪ কোন দালালকে অর্থ প্রদান করে প্রতারণার ফাঁদে পড়বেন না।<br>▪ দক্ষ হয়ে বিদেশ গেলে অর্থ সম্মান দুইই মেলে।<br>▪ জেনে শুনে বুঝে গ্রীসে যান। | গ্রীসে কর্মসংস্থানের প্রক্রিয়া চূড়ান্ত করার জন্য গ্রীস ও বাংলাদেশ- উভয় দেশই সামনে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। সময়মতো বিএমইটি ও সারা দেশে অবস্থিত ৪২টি জেলা কর্মসংস্থান অফিস থেকে বিদেশ যেতে আগ্রহীদের জন্য সর্বশেষ তথ্য পাওয়া যাবে।<br>গ্রীসে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের শ্রম উইংয়ের মাধ্যমে প্রবাসীদের জন্য সর্বশেষ তথ্য পাওয়া যাবে। এছাড়াও গ্রীসের নির্ধারিত ওয়েবসাইটের মাধ্যমে সর্বশেষ তথ্য পাওয়া যাবে।<br>অবৈধ পথে যাওয়া থেকে বিরত থাকুন।<br>কোন দালালকে অর্থ প্রদান করে প্রতারণার ফাঁদে পড়বেন না।<br>দক্ষ হয়ে বিদেশ গেলে অর্থ সম্মান দুইই মেলে।<br>জেনে শুনে বুঝে গ্রীসে যান। |
| প্রচারে: প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | প্রচারে: প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় |

শেখ মুহাম্মদ রেফাত আলী
উপসচিব
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**নিরাপদ অভিবাসন**
**সেবা সহজীকরণ: গ্রাফিকস এনিমেশন**
**স্বল্প ব্যয়ে বৈদেশিক কর্মসংস্থান**
**গন্তব্য দেশ: জর্ডান**

| ছবি | শব্দ |
|---|---|
| নিরাপদ অভিবাসন<br>স্বল্প ব্যয়ে বৈদেশিক কর্মসংস্থান<br><br>নারী কর্মী- মাথায় অর্থের চিহ্ন<br>নারী কর্মী- মাথায় অর্থের চিহ্ন, কপালে দুঃশ্চিন্তা<br>প্লেন উড়ে যাওয়া | বিদেশে কাজ করে অর্থ উপার্জন করতে চান, এমন স্বপ্ন অনেকের। এক্ষেত্রে যেকোন নারী কর্মীই চান সার্বিক নিরাপত্তা। বিদেশ যাওয়ার খরচ যোগাতে বিপুল অর্থ ব্যয়ের ব্যাপারটাও অনেকের উদ্বেগের কারণ। জানিয়ে দেই- এসব শর্তপূরণ করেই বিদেশে যেতে পারেন।<br>সাউন্ড এফেক্ট- বিমান উড্ডয়ন |
| নিরাপদ অভিবাসন<br>স্বল্প ব্যয়ে বৈদেশিক কর্মসংস্থান<br>গন্তব্য দেশ: জর্ডান<br>গার্মেন্টসে কাজ করার ছবি, জর্ডানের মানচিত্র, মানচিত্রে বাংলাদেশ ও জর্ডানের অবস্থান, বোয়েসেলের লোগো | নারী কর্মীরা চাইলেই গার্মেন্টস কর্মী হিসেবে জর্ডানে যেতে পারেন। বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট এন্ড সার্ভিসেস লিমিটেড, সংক্ষেপে বোয়েসেল, আপনাকে সে সুযোগ করে দিচ্ছে। |
| বাংলাদেশ ও জর্ডানের পৃথক মানচিত্র দুইদিকে মাঝে তীর দিয়ে যাওয়া ও আসার চিত্র | এক্ষেত্রে জর্ডানের যে কোম্পানিতে আপনি কাজ করবেন, সে কোম্পানিই আপনার জর্ডান যাওয়ার ও চাকরির মেয়াদ শেষে দেশে ফেরত আসার  খরচ বহন করবে। |
| ঘড়ির কাটা ঘোরা, দৈনিক ৮ ঘন্টা কাজ, ওভারটাইমের সুযোগ | কাজের সময় দৈনিক ৮ ঘন্টা। চাইলে ওভারটাইম করতে পারেন। |
| গার্মেন্টস ও নিয়োগ কর্তার ছবি,<br>বাসা, খাওয়া, পরিবহন,প্রাথমিক চিকিৎসার ছবি | সাধারণত নিয়োগকর্তাই থাকা-খাওয়ার খরচ, পরিবহনের খরচ ও প্রাথমিক চিকিৎসার খরচ বহন করে থাকে। |
| শর্তাবলী:<br>বৈধ পাসপোর্ট থাকতে হবে। (পাসপোর্টের ছবি)।<br>বয়স অবশ্যই ১৮-৩৯ বছরের মধ্যে হতে হবে।<br>গার্মেন্টসের যেকোন কাজের অভিজ্ঞতা। | এজন্য আপনার বৈধ পাসপোর্ট থাকতে হবে।<br>বয়স অবশ্যই ১৮-৩৯ বছরের মধ্যে হতে হবে।<br>আর জানতে হবে গার্মেন্টসের যেকোন কাজ। গার্মেন্টসে কাজ করে আপনি এ অভিজ্ঞতা অর্জন করতে পারেন। দেশের বিভিন্ন টেকনিক্যাল ট্রেনিং সেন্টারে ভর্তি হয়েও প্রশিক্ষণ নিতে পারেন। |
| বিকেটিটিসি, ফজিলাতুন্নেছা মুজিব টিটিসি, জার্মান টিটিসি এর ছবি | বোয়েসেলের পক্ষ থেকে ঢাকায় অবস্থিত তিনটি টেকনিক্যাল ট্রেনিং সেন্টারে শুক্রবারে চাকরির নিয়োগ পরীক্ষা ও সাক্ষাতকারের ব্যবস্থা করা হয়। নিয়োগকর্তা আপনার কাজ দেখেই আপনাকে চূড়ান্তভাবে নিয়োগ দিবেন। |

| | |
|---|---|
| সম্ভাব্য ব্যয়:<br>গার্মেন্টস কর্মী হিসেবে নিয়োগের ক্ষেত্রে- ১৮,২৪০ টাকা | নির্বাচিত কর্মীকে বোয়েসেলের সার্ভিস চার্জ, ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার ফি, জীবন বীমার জন্য ৪৯০ টাকা ইত্যাদিসহ গার্মেন্টস কর্মী হিসেবে নিয়োগের ক্ষেত্রে- সর্বসাকুল্যে ১৮,২৪০ টাকা খরচ বহন করতে হবে। মনে রাখবেন, বোয়েসেল কোন নগদ অর্থ গ্রহণ করে না। সুতরাং কাউকে নগদ অর্থ দিয়ে প্রতারিত হবেন না। |
| প্লেন জর্ডানের বিমান বন্দরে নামার ছবি | আপনার জর্ডান সফর নিরাপদ হোক। আমরা আপনার সার্বিক মঙ্গল কামনা করছি। |

**শেখ মুহাম্মদ রেফাত আলী**
উপসচিব
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার